NYC স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি বিভাগের (Department of Health and Mental Hygiene) ইকুইটি অ্যাকশন প্ল্যানের সার্বিক দৃশ্য

যদিও COVID-19 একটি নতুন রোগ, এটি যে বিপর্যয় সৃষ্টি করে তার নক্সা পরিচিত: কৃষ্ণাঙ্গ, ল্যাটিনো, এবং স্বল্প-আয়ের সম্প্রদায়গুলি অসমানুপাতিকভাবে প্রভাবিত হয়েছে।

স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি বিভাগ একটি **ইকুইটি অ্যাকশন প্ল্যান** (Equity Action Plan) বাস্তবায়িত করছে যাতে সমতাপূর্ণ নীতি এবং অনুশীলন অগ্রসর করা যায় শহরের COVID-19 এর প্রতিক্রিয়ায়। যে সব এলাকাগুলিতে COVID-19 এর অসমানুপাতিক ভার, হাসপাতালে ভর্তির ঘটনা এবং মৃত্যুর ঘটনা আছে সেখানকার সম্প্রদায়গুলি এবং স্বাস্থ্য পরিচর্যার অংশীদারদের সাথে বর্ধিত বিজাড়ন এবং লক্ষস্থিত মেসেজিং ব্যবহার করে পরিকল্পনাটি। **আমরা বুঝি যে এই এলাকাগুলিতে অপর্যাপ্ত বিনিয়োগ এবং কাঠামোগত বর্ণ বৈষম্য COVID-19 এর ঝুঁকির কারণ।**

ইকুইটি অ্যাকশন প্ল্যানটি একটি বর্ণ বিচার ফ্রেমওয়ার্ক এবং জনসংখ্যা-নির্দিষ্ট কৌশল ব্যবহার করে সম্প্রদায়ের সদস্যদের কাছে পৌঁছতে। এই পদ্ধতিটি নিশ্চিত করে যে সম্প্রদায়গুলি সব চেয়ে বেশি COVID-19 এর ঘাত সয়েছে তারা তথ্য, সংস্থান এবং তাদের প্রয়োজন যে সহায়তা, তা পান।

ইকুইটি অ্যাকশন প্ল্যানের তিনটি প্রধান অংশ আছে:

1. স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীদের সাথে বিজাড়ন:
   সম্প্রদায়ের স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীদের সাথে কাজ করা সেই সব পরিবেশে যেখানে 10 অথবা তার কম সংখ্যক চিকিৎসক উপস্থিত তাদের সক্ষমতা বৃদ্ধি করার জন্য যাতে তারা এই জন স্বাস্থ্য সংক্রান্ত জরুরি অবস্থার পুরোভাগে পরিষেবা প্রদান করতে পারেন এই প্রতিক্রিয়ার প্রতিটি পর্যায়ে; প্রদানকারীদের সমর্থন করা যাতে তারা সম্প্রদায়ের স্বাস্থ্য পরিচর্যার প্রয়োজনগুলি সনাক্ত করে পারেন এবং তার মোকাবেলা করতে পারেন COVID-19 এর ঝুঁকির কারণগুলি হ্রাস করার জন্য।

   এই উদ্দেশ্য সাধনের জন্য আমরা এই কাজগুলি করব:
   - ক্লিনিকগুলিতে স্বাধীন প্রদানকারীদের প্রয়োজনের মূল্যায়ন করা এবং প্রযুক্তিগত সহায়তা প্রদান করা তাদের ক্লিনিকগুলি খোলার জন্য এবং দৈনন্দিন কাজকর্ম অব্যাহত রাখার জন্য।
   - প্রদানকারীদের টেলিমেডিসিন প্রদান করার জন্য উৎসাহিত করা এবং পরিশোধ প্রাপ্তির ক্ষেত্রে সহায়তা করা।
   - প্রদানকারীদের রোগীদের কাছে পৌঁছতে সাহায্য করা এবং তাদের ওষুধ, টিকা এবং স্বাস্থ্য সংক্রান্ত তথ্য ও অন্যান্য সংস্থান সহ পরিচর্যার সাথে সংযুক্ত করা।
   - প্রচলিত অফিসের পরিবেশের বাইরে সশরীরে প্রাথমিক পরিচর্যার ব্যবস্থাগুলি সক্ষম করার পথগুলি অন্বেষণ করা, যেমন মোবাইল ক্লিনিকসমূহ।
   - চিকিৎসা সংক্রান্ত জিনিষপত্র প্রদান করা, ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম সহ।

- শহরের COVID-19 হোটেল প্রোগ্রামের নিবন্ধক হিসেবে প্রদানকারীদের স্বাক্ষর করানো, যা সেই সবমানুষ্কে হোটেলের ঘর প্রদান করেন যাদের COVID-19 আছে বলে মনে করা হয় বা যারা এমন কারো সাথে থাকেন যার COVID-19 হয়েছে বলে মনে করা হয় এবং অন্যান্য পারিবারিক সদস্যদের থেকে পৃথক হতে পারেন না।
- প্রদানকারীদের শহরের পরিষেবা এবং সংস্থান সম্পর্কে জানানো যা তাদের রোগীদের COVID-19 জন স্বাস্থ্য সংক্রান্ত জরুরীকালীন সঙ্কটের সময় এবং তার পরে সহায়তা প্রদান করতে পারে (স্বাস্থ্য, খাদ্য, অন্যান্য সামাজিক পরিষেবা)।

2. <u>সম্প্রদায়ের অংশীদারদের সাথে বিজড়িত হওয়া:</u>
সম্প্রদায়ের অংশীদারদের সাথে সরাসরি কাজ করা স্বাস্থ্য সমস্যাগুলি সনাক্ত করতে, প্রতিক্রিয়ার কৌশল স্থির করতে, সাধারণ স্বাস্থ্য সংক্রান্ত তথ্য সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করতে এবং সম্প্রদায়ের সদস্যরা স্বাস্থ্য পরিচর্যা পাচ্ছেন এবং তাদের কাছে অন্যান্য সংস্থানগুলি উপলভ্য আছে তা নিশ্চিত করতে।

এই উদ্দেশ্য সাধনের জন্য আমরা এই কাজগুলি করব:

- সম্প্রদায়ের নেতাদের, সম্প্রদায়-ভিত্তিক সংস্থাগুলি এবং বিশ্বাস-ভিত্তিক দলগুলির সাথে সম্পর্ক গড়ে তুলতে এবং অংশীদারিত্ব অব্যাহত রাখতে যাতে সম্প্রদায়ের প্রয়োজনগুলি আরো ভালোভাবে বোঝা যায় এবং পূরণ করা যায়।
- সম্প্রদায়ের দলগুলিকে এবং সদস্যদের শহরের পরিষেবা এবং সংস্থানগুলির সাথে সংযুক্ত করা যা তাদের COVID-19 জন স্বাস্থ্য সংক্রান্ত জরুরীকালীন সঙ্কটের সময় এবং তার পরে সহায়তা প্রদান করতে পারে (স্বাস্থ্য, খাদ্য, অন্যান্য সামাজিক পরিষেবা)।
- স্বাস্থ্য এবং সুস্থতার পরীক্ষা পরিচালনা করা সম্প্রদায়ের সদস্যদের মধ্যে স্বাস্থ্য সংক্রান্ত প্রয়োজনগুলি সনাক্ত করার জন্য এবং তাদের বিভিন্ন রকম স্বাস্থ্য সমস্যার সম্পর্কে শীক্ষা প্রদান করতে এবং তাদের পরিচর্যার সাথে সংযুক্ত করতে।
- সম্প্রদায়ের অংশীদার এবং সদস্যদের নতুন এবং চলমান প্রয়োজনগুলি সনাক্ত করে শহরের নেতাদের কাছে রিপোর্ট পেশ করা।
- টেস্ট অ্যান্ড ট্রেস কমিউনিটি অ্যাডভাইজরি বোর্ড (Test and Trace Community Advisory Board, CAB) প্রতিষ্ঠা করা এবং তার নেতৃত্ব দেওয়া হেলথ + হস্পিটালস (Health + Hospitals) এর সাথে অংশীদারীত্বে যাতে নিশ্চিত করা যায় যে সম্প্রদায়ের কন্ঠ ও প্রয়োজনগুলি বিবেচিত হয় কন্ট্যাক্ট ট্রেসিং যখন অগ্রসর হয়।

3. <u>সম্প্রদায়ের সাথে যোগাযোগ করা:</u>
COVID-19 সম্পর্কে সম্প্রদায়ের সদস্যদের বোধশক্তি বৃদ্ধি করার জন্য হালনাগাদকৃত তথ্য প্রদান করা এবং ভুল তথ্য প্রদানের বিরুদ্ধে লড়াই করা; স্বাস্থ্য ঠিক করার জন্য সংস্থান প্রদান করা; এবং সম্প্রদায়ের কাহিনীগুলি উত্তোলন করা এবং স্বাস্থ্য সম্পর্কিত কাঠামোগত অসমতাগুলি তুলে ধরা।

এই উদ্দেশ্য সাধনের জন্য আমরা এই কাজগুলি করব:

- COVID-19 সংক্রান্ত নির্দেশিকা প্রদান করা 20টিরও বেশি ভাষায় সাবওয়ে এবং স্থানীয় দোকানগুলিতে কমিউনিটি নেটওয়ার্ক এবং সাইনেজের মাধ্যমে।

- সম্প্রদায়ের সদস্যদের সরাসরি মেইল এবং ফোন টেক্সট পাঠানো COVID-19 সম্পর্কে, যার মধ্যে থাকবে:
    - উপসর্গসমূহ
    - গুরুতর অসুস্থতার ঝুঁকি
    - প্রতিরোধ এবং পরিচর্যা
    - সামাল দেওয়ার দক্ষতা এবং সুস্থতার কৌশল
- সম্প্রদায়গুলির জন্য নিজস্বকৃত টেলি-টাউন হল পরিচালনা করা সম্প্রদায় এবং বিশ্বাস-ভিত্তিক সংস্থাগুলির, সম্প্রদায়ের নেতাসমূহের এবং নির্বাচিত কর্মকর্তাদের সহযোগে সেগুলি আয়োজন করে।
- লক্ষস্থিত বিজ্ঞাপন দেওয়া এবং বিভিন্ন চ্যানেলে প্রচার করা।

প্রতিটি নিউ ইয়র্কবাসী যখন প্রবলভাবে COVID-19 দ্বারা প্রভাবিত, অসমানুপাতিকভাবে যে প্রভাব কৃষ্ণাঙ্গ, ল্যাটিনো, অভিবাসী এবং নিম্ন-আয়ের সম্প্রদায়গুলির উপর পড়ছে তা অগ্রহণীয় এবং অবশ্যই তার মোকাবেলা করতে হবে। স্বল্প বিনিয়োগ এবং কাঠামোগত বৈষম্য যা বিদ্যমান সমাজ, অর্থনৈতিক এবং স্বাস্থ্য ব্যবস্থার গভীরে স্থাপিত, তা এই অসমানুপাতিক প্রভাবকে বাড়িয়ে তোলে। আমাদের সাথী নিউ ইয়র্কবাসীদের সাহায্য করার এবং বাকি পৃথিবীকে সামাজিক অসমতার পরিণতি বোঝাবার এটাই সময়। **আমরা কেবল ততটাই স্বাস্থ্যবান এবং নিরাপদ যতটা আমাদের সব চেয়ে কম স্বস্থ্যবান এবং ঝুঁকিপূর্ণ সম্প্রদায়।**

পরিস্থিতির পরিবর্তন হওয়ার সাথে সাথে NYC স্বাস্থ্য দপ্তর (NYC Health Department) তার সুপারিশগুলি পরিবর্তন করতে পারে। 6.5.20